


সামাজিক বার্তা হিটম্যানের অভিনব রেকর্ডের জন্য রোহিতের দিকে তাকিয়ে ভারত

নয়াদিল্লি, ৮ নভেম্বর : দীপাবলির ছুটিতে ভারতীয় দল। টি২০ ডুয়েলে প্রথম দুই ম্যাচে ওয়েস্ট ইন্ডিজকে হারিয়ে সিরিজ ইতিমধ্যেই পকেটে পুরে নিয়েছে রোহিত ত্রিগেডা। রবিবার সিরিজের অন্তিম তথা নিয়মরক্ষার ম্যাচ। ম্যাচের ছুটিতে আলোর উৎসবে মেতে বিজয়ী মেন ইন ব্লু। ছুটি কাটিয়ে শনিবার ম্যাচের আগের দিন চেম্বাইয়ে মিলিত হবে ভারতীয় ক্রিকেটাররা। ২-০ স্কোরলাইনকে ৩-০ করার টার্গেট নিয়ে পরের দিন চিহ্নরহম স্টেডিয়ামে নেমে পড়া।



সমর্থকদের দীপাবলির শুভেচ্ছা রোহিত শর্মার।

চেম্বাই ম্যাচেও বিশ্বরেকর্ডের হাতছানি রোহিতের সামনে। ইতিমধ্যেই সেখুটির সংখ্যাতে নিউজিল্যান্ডের কলিন মুনরোকে পিছনে ফেলে দিয়েছেন হিটম্যান। বিশ্বের একমাত্র ব্যাটসম্যান হিসেবে আন্তর্জাতিক টি২০ ক্রিকেটে সর্বাধিক চারটি শতরান করেছেন। রানের নিরিখেও শীর্ষস্থান দখল করতে দরকার আর ৭৯ রান। চেম্বাই ম্যাচে তা করতে পারলে নিউজিল্যান্ডেরই মার্টিন গুপটিলের ২২৭১ রান টপকে যাবেন রোহিত শর্মা। লখনউয়ে গত ম্যাচে ব্র্যান্ড নিউ একানা স্টেডিয়ামে ৬১ বলে ১১১ রানের ইনিংস উপহার দিয়েছেন রোহিত। ৭৯ ম্যাচে রোহিতের রান ২২০৩। ৭৩ ম্যাচে গুপটিলের রান ২২৭১। অস্ট্রেলিয়া সফরে পা রাখার আগে দেশের মাটিতেই টি২০-র সিংহাসন করায়ত্ত করার সুযোগ এনে দিচ্ছে চেম্বাই ম্যাচ। রোহিত যদি তা পারেন, তাহলে প্রথমবার তিন ফর্মেতে ভারতীয় ব্যাটসম্যানরা সর্বাধিক রানের মালিক হবে। টেস্ট ও ওডিআই ফর্মেতে রানের বিশ্বরেকর্ড শচীন তেডুলকারের দখলে। রোহিতের হাত ধরে অপেক্ষা টি২০র বিশ্বরেকর্ডের।

খোদ রোহিত অবশ্য ক্রিকেট ভুলে আপাতত আলোর উৎসবে মজে। দেশবাসী, সমর্থকদের শুভেচ্ছা জানিয়েছেন। একইসঙ্গে সামাজিক বার্তাতে পরবেশ রক্ষা ও পশুদের কথা মাথায় রাখার বিষয়টিও মনে করিয়ে দিলেন হিটম্যান। রোহিত লিখেছেন, 'সবাইকে দীপাবলির শুভেচ্ছা। উৎসবের সময় দয়া করে পরিবেশ এবং পরিবেশের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত পশুপাখির কথা মাথায় রাখবেন।' উৎসবে শামিল বিশ্রামে থাকা বিরাট কোহলিও টি২০ সিরিজে না খেলা বিরাট ছুটিতে তার মতোই স্ত্রী অনুষ্কা শর্মা, পরিবারের সঙ্গে সময় কাটানো। সেই ছবিও লেয়ার করেছেন। যেখানে বিরাট লিখেছেন, 'পরিবারের তরফে সবাইকে হ্যাপি দীপাবলি। সুখ-শান্তি-সমৃদ্ধি কামনা করি সবার জন্য।'

ফুকাহাউ, ৮ নভেম্বর : চিন ওপেন ব্যাটমিন্টনে ভারতের দুই তারকা কিদারি শ্রীকান্ত ও পিভি সিদ্ধুর বিজয়রথ অব্যাহত। দুজনেই টুর্নামেন্টের কোয়ার্টার ফাইনাল নিশ্চিত করেছেন। বিশ্বের নয় নম্বর শ্রীকান্ত ১০-২১, ২১-৯, ২১-৯ পয়েন্টে ইন্দোনেশিয়ার চিম সুগিয়ার্তাকে হারিয়েছেন। সেমিফাইনালে ওটার লড়াইয়ে ভারতীয় শাটলারের প্রতিপক্ষ চাইনিজ তাইপের চৌ তিয়েং চেন।

গতবছর চোটের কারণে এই টুর্নামেন্ট থেকে নাম তুলে নেওয়া শ্রীকান্ত বুধবার অবশ্য প্রথম গ্যামে হেরে পিছিয়ে পড়েছিলেন। কিন্তু স্ট্র্যাটেজি বদলে দ্বিতীয় গ্যামে অনেক অক্রমপাঙ্ক খেলতে দেখা যায় তাঁকে। যার ফলে ১১-৬ পয়েন্টের লিড নিয়ে বিরতিতে যান গুপ্টরের এই তারকা। প্রাক্তনবছর পর গেম জিততে খুব একটা অসুবিধা হয়নি শ্রীকান্তের। ডিসাইডারেও একই ফর্ম ধরে রেখে ম্যাচ বার করে নেন তিনি। মহিলাদের সিঙ্গলসে খাইজান্ডের বৃসানায় পর ফিরে সহজে গেম জিতে নেন এই হায়দরাবাদী কন্যা। দ্বিতীয় গ্যামেও প্রথমটার আকর্ষণ রিখে। যেখানে ১১-৮ এর লিড থেকে প্রায় বিনা পরিশ্রমেই ম্যাচ বার করে নেন সিদ্ধু। শেষ আটে তিনি চিনের হি বিংজিয়াওয়ের মুখোমুখি হবেন।

কোনো কারণ দেখানো হয়নি। মূলত এশিয়ান চ্যাম্পিয়নশ্বপ ট্রফির দলকেই ধরে রাখা হয়েছে। এশিয়ান চ্যাম্পিয়নশ্বপ ট্রফির প্রস্তুতির সময়ই হুঁতে গুরুতর চোট পান সুনীলা। তাঁর চোট এখনও সারেনি। অন্যদিকে, রমনদীপের বাঁ পায়ে চোট। তাই নির্ভরযোগ্য দুই খেলোয়াড়কে বাদ দিয়েই বিশ্বকাপের স্কোয়াড ঘোষণা করল হকি ইন্ডিয়া। দল নির্বাচনের পর জাতীয় দলের কোচ হরেন্দ্র সিং বলেছেন, '৩৪ জন প্রয়োজনের মধ্যে থেকে সেরা ১৮ জনকেই বেছে নেওয়া হয়েছে। সঠিক কনসেপশন বাছতে আমাদের কিছু কঠিন সিদ্ধান্ত নিতে হয়েছে।' আগামী ২৮ নভেম্বর দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে প্রথম ম্যাচ খেলতে নামবে ভারত। পাশাপাশি, ভারতীয় গেম লিগে খেলতে হবে কানাডা, বেলজিয়ামের সঙ্গে।

ভারতীয় স্কোয়াড গোলরক্ষক : পিআর শ্রীকেশ ও

বড়ো ব্যবধানে জিতল ম্যাঞ্চেস্টার সিটি, রিয়াল মাদ্রিদ রোনাল্ডোর উৎসব থামালেন পোগবারা

তুরিন, ৮ নভেম্বর : বুধবার তুরিনে ঘরের মাঠে চ্যাম্পিয়ন লিগের গ্রুপ পর্বের লড়াইয়ে মুখোমুখি হয়েছিল জুভেন্টাস এবং ম্যাঞ্চেস্টার ইউনাইটেড। সেই রৈখেই ক্রিস্টিয়ানো রোনাল্ডো নন, বরং নিজের পুরোনো ক্লাবের বিরুদ্ধে শেষ হাসি হাসলেন ম্যান ইউ তারকা পল পোগবারা। তবে, পোর্তুগিজ তারকার গোলে প্রথমে এগিয়ে গিয়েছিল জুভেন্টাসই। কিন্তু পিছিয়ে পড়তে ২-১ গোলে ম্যাচ তো জিতলেনই, সেই সঙ্গে গোল ট্র্যাফিকে হারের মধুর প্রতিশোধও নিলেন মোরিনহোর ছেলেরা। রেড ডেভিলসদের রক্ষণাঙ্গ জয়ের দিনে বড়ো সাফল্য পেলে গুয়ার্ডিওলার ম্যান সিটিও ব্রাজিলিয়ান ফরোয়ার্ড গ্যাব্রিয়েল জেসাসের হ্যাটট্রিকে সুবাদে শাখতার ডোনেস্ককে ৬-০ গোলে হারালেন সিটিজেনরা। এদিকে, জুলেন লোপেতেগির জয়গায় দায়িত্ব নিয়েই দলকে ছন্দে ফিরিয়ে এনেছেন রিয়াল মাদ্রিদের নতুন কোচ সান্তিয়াগো সোলারি। তাঁর হাত ধরে কোপা ডেল রে, লা লিগার পর এবার চ্যাম্পিয়ন লিগের আসরেও জয় পেল রিয়াল মাদ্রিদ।

আগুয়ে ম্যাচে ভিস্টোরিয়া প্রাজেনকে ৫-০ গোলে হারাল লস ব্লাঙ্কোসরা। পাশাপাশি, রবার্ট লেওয়ান্ডস্কির জোড়া গোলে এইকে এথেন্সকে হারিয়েছেন বের্নাবিউনি।

বুধবার চ্যাম্পিয়ন লিগের গ্রুপ 'এইচ'-এর ম্যাচে রোনাল্ডো পুরোনো দল ম্যান ইউয়ের বিরুদ্ধে গোল পেলেও জয় পেতে ব্যর্থ জুভেন্টাস। বরং জুভে সমর্থকদের জয়ের উচ্ছ্বাস থামিয়ে ম্যাচের শেষ মুহুর্তে নটকীয় জয় ছিনিয়ে নিল ম্যাঞ্চেস্টার ইউনাইটেড। জুভেন্টাস জার্সিতে এদিনই প্রথম চ্যাম্পিয়ন লিগে গোলের দেখা পেলেন পোর্তুগিজ তারকা। ম্যাচের ৬৫ মিনিটে লিওনার্দো বোনুচিচির পাস থেকে ভলিতে দুরন্ত গোল করে দলকে এগিয়ে দেন রোনাল্ডো। তবে তার অনেক আগেই রেড ডেভিলসদের বিরুদ্ধে এগিয়ে যেতে পারত তুরিনের গুল্ড লেডি প্রথমার্ধের ৩৭ মিনিটে সামি খেদিরার শট পোস্টে লেগে ফেরে। দ্বিতীয়ার্ধের শুরুতেও পাওলো ডিবালার ক্রস লাগে পোস্টে। তবে, রোনাল্ডোর গোলে যখন জয়ের উৎসবে মেতে উঠেছে জুভেন্টাস গ্যালারি। তখনই সেলয় ফেরেন পোগবারা। দ্বিতীয়ার্ধে পরিবর্ত হিসেবে মাঠে নামা জুয়ান মাতার অনবদ্য ফ্রি-কিকে ৮৬ মিনিটে সমতা ফেরায় ম্যান ইউ। তার বেশ কাটতে না কাটতেই ৮৯ মিনিটে জুভেন্টাসের সাইডব্যাক আলেক্স সান্দ্রোর আত্মঘাতী গোলে জয় নিশ্চিত করে রেড ডেভিলসরা।

অবশ্য জয়ের কৃতিত্ব ম্যান ইউকে দেবে নারাজ রোনাল্ডো। তাঁর মতে, 'এই জয় মোটেই ম্যান ইউয়ের প্রাপ্য নয়। গোটা ম্যাচে আমরাই আধিপত্য দেখিয়েছি। শেষের পাঁচ মিনিটেই ভুলে আমরা গোল হজম করেছি। অনেক সুযোগ পেয়েও আমরা জয় হাতছাড়া করলাম। ম্যান ইউকে আমরা জয় উপহার দিয়েছি।' ২০০৯ সালের পর ফের চ্যাম্পিয়ন লিগের গ্রুপ পর্যায়ের ম্যাচে নিজের ঘরের মাঠে হারল তুরিনের 'গল্ড লেডি'। তবে এই হার নিয়ে বিশেষ মাথা ঘামাতে নারাজ সিরাসেডেন। তিনি বলেন, 'আমরা এখনও গ্রুপের শীর্ষে রয়েছি। একটা হারে খেতে পড়ার কিছু হয়নি।' এদিকে, ম্যাচ জয়ের পর জুভে সমর্থকদের কটাক্ষ করে ম্যান ইউ কোচ মোরিনহো বলেন, 'পুরো ৯০ মিনিট জুভেন্টাস সমর্থকরা আমার লাগাতার অপমান করে গিয়েছে। কিন্তু দিনের শেষে জয়টিই শেষ কথা। আর সেটা হেলেরা অর্জন করেছে।' ইন্টার মিলানের কোচ হিসেবে তাঁর অতীত সাফল্যের জন্যই যে জুভেন্টাস সমর্থকদের বিক্রপের মুখে তাঁকে পড়তে হয়েছে, তা জানাতে ভোলেননি



একনজরে চ্যাম্পিয়ন লিগ সিএসকেএ মস্কো ১-২ এএস রোমা ভালেঙ্গিয়া ৩-১ ইয়ং বয়েজ বের্নাবিউনি ২-০ এইকে এথেন্স বেনফিকা ১-১ আয়াখস অলিম্পিক লিয়ঁ ২-২ হফেনহাইম ম্যাঞ্চেস্টার সিটি ৬-০ শাখতার ডোনেস্ক ভিস্টোরিয়া প্রাজেন ০-৫ রিয়াল মাদ্রিদ জুভেন্টাস ১-২ ম্যাঞ্চেস্টার ইউনাইটেড

হোসে মোরিনহো। সেইসঙ্গে ম্যাচে দুরন্ত পারফরম্যান্স করা মাতা এবং মারফান ফেলাইনির প্রশংসাও শোনা যায় স্পেশাল ওয়ানের গলায়।

অন্যদিকে, ম্যান ইউয়ের রক্ষণাঙ্গ জয়ের রাতে বড়ো ব্যবধানে জিতল ম্যান সিটিও। গ্রুপ 'এফ'-এর ম্যাচে শাখতার ডোনেস্ককে ৬-০ গোলে হারাল পেপের দল। ম্যাচে হ্যাটট্রিক করেন জেসাস (২৪, ৭২, ৯২ মিনিট)। অপর গোলগুলি আসে দাবিড সিলভা, রহিম স্টার্লিং এবং রিয়াদ মাহরেজের পা থেকে। ম্যাচ শেষে ভিএআর প্রযুক্তি ব্যবহার নিয়ে মুখ খুললেন ম্যান সিটি কোচ পেপ গুয়ার্ডিওলা। তিনি বলেন, 'বিফর টুর্নামেন্টের মতো উয়েফার উচিত চ্যাম্পিয়ন লিগে ভিএআর প্রযুক্তি ব্যবহার করা।' পাশাপাশি ৬ গোলে জয় রবিবার ম্যাঞ্চেস্টার ডার্বির আগে সার্জিও আগুয়েরোরের আত্মবিশ্বাসী করে তুলবে বলে মনে করছেন তিনি।

ভিস্টোরিয়া প্রাজেনের বিরুদ্ধে ৫-০ গোলে জয় পেল রিয়াল মাদ্রিদ। বুধবার রিয়াল জার্সিতে জোড়া গোল (২০, ৩৭ মিনিট) করার পাশাপাশি ক্লাবের হয়ে ২০০ মিনিটের রেকর্ড স্পর্শ করলেন ফরাসি তারকা করিম বেঞ্জিমা। বাকি গোলগুলি করেন কাসেমিরা, গ্যাব্রেল বেল এবং টনি ক্রুস। ম্যাচ শেষে বেঞ্জিমা বলেন, 'রিয়ালের হয়ে নিজের সেরাটা দিতে আমি সবসময় মুখিয়ে থাকি। সমালোচকরা কী বললেন সেটার থেকেও আমার কাছে গুরুত্বপূর্ণ দ্বারং জ্ঞ।' অন্যদিকে, নিজের ভবিষ্যৎ নয়, বরং রিয়ালের সাফল্য নিয়েই মাথা ঘামাতে চান কোচ সোলারি। তিনি বলেন, 'প্রাজেন ম্যাচ আমাদের কাছে এখন অতীত। এখন শুধুই পরের ম্যাচ নিয়ে ভাবছি।' গ্রুপ 'ই'-র ম্যাচে লেওয়ান্ডস্কির জোড়া গোলে এইকে এথেন্সকে হারিয়ে নকআউটের পথে বের্নাবিউনি।

পৃথীকে অনুশীলন করালেন শচীন

মুম্বই, ৮ নভেম্বর : দেওধর ট্রফিতে খেলার সময়ে হাতে অল্প চোট পাওয়ায় মুম্বইয়ের হয়ে রনজি ট্রফির প্রথম ম্যাচে খেলতে পারেননি। কিন্তু সেই চোটই শাপে বর হল পৃথী শা-র কাছে। এমআইজি ক্লাব প্রায়শ্চৈতন্যে শচীন তেডুলকারের কাছে অনুশীলন করলেন তিনি।

রাজকোটে দাপুটে টেস্ট অভিযানের পর মাস্টার ব্লাস্টারের সঙ্গে পৃথীর তুলনাটা আরও জোরদার হয়েছে। বারবার জনসমক্ষে পৃথী তাঁর আইডল শচীনের প্রশংসায় মেতেছেন। কলম ক্রিকেটার পৃথীকে ঘিরে যে তাঁরও দেশবাসীর মতো অনেক প্রত্যাশা, মাস্টার ব্লাস্টার নিজে সেটা কবুল করেছেন। কিন্তু সরাসরি পৃথীকে আগামীর প্রস্তুতিতে সাহায্য করতে অনুশীলন করতে নেমে পড়বেন শচীন, এমনটা বোধহয় কেউ ভাবতে পারেননি। আসলে এখন এমআইজি ক্লাব প্রায়শ্চৈতন্যে তেডুলকার-মিসকেজ ক্লাবাল আকাতেরির কাজে রোজই যুগ্মদের অনুশীলন করতে যাচ্ছেন খোদ শচীন। চোট সারিয়ে অল্প অনুশীলন শুরু করা পৃথী সেখানে সোজা হাজার হাজার গিয়ে দর্শক লাভনয়ন হয়েছেন। আগামী অস্ট্রেলিয়া সফরের প্রস্তুতি হিসেবে পৃথীকে রাবার বলে থো-ডাউন দিয়েছেন শচীন। পাশাপাশি ডাউন আউটের সফল হওয়ার জন্য পৃথীর উদ্দেশ্যে পরামর্শও

আজ শুরু চেজ ইন্ডিয়া ২০১৮ অলিম্পিকে দাবা দেখতে চান বিশ্বনাথন আনন্দ

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৮ নভেম্বর : ১৯৯২ সালে শেষবার কলকাতায় দাবা প্রতিযোগিতায় তিনি অংশ নিয়েছিলেন। ম্যাচের সমাপ্তি শুধুই এগিয়ে চলার। আরও এগিয়ে চলার লক্ষ্যেই কাল ২৬ বছর পর কলকাতায় ফের দাবা খেলতে চলেছেন বিশ্বনাথন আনন্দ। টাটা স্টিলের উদ্যোগে আগামিকাল থেকে কলকাতায় শুরু হচ্ছে চেজ ইন্ডিয়া ২০১৮। যেখানে আনন্দ ছাড়াও দুনিয়ার প্রথম সারির সেরা গ্র্যান্ডমাস্টাররা অংশ নিচ্ছেন। আজ সন্ধ্যায় দক্ষিণ কলকাতার এক পাঁচতার হোটেলের চেজ ইন্ডিয়া ২০১৮-র আনুষ্ঠানিক ঘোষণা হয়ে গেল আজ। হাজির ছিলেন প্রতিযোগিতায় অংশ নিতে চলা মোট ১০ জন গ্র্যান্ডমাস্টার। ১৪ নভেম্বর পর্যন্ত চলবে প্রতিযোগিতা। দীর্ঘদিন পর কলকাতায় এমন প্রতিযোগিতায় অংশ নিতে পেরে আনন্দ আনন্দ বলেছেন, '১৯৯২ সালের পর ফের কলকাতায় দাবা খেলা নিয়ে আমি মুখিয়ে রয়েছি। এখানে সবসময় খেলতে পছন্দ করি। কিন্তু ম্যাচের সময়ে নানা কারণে কলকাতায় খেলা হয়নি।' তিনি আরও বলেছেন, 'কলকাতার পাশাপাশি দেশের নানা প্রান্ত থেকে দাবায় অনেক তরুণ প্রতিভা উঠে আসছে। ভারতীয় দাবার ভবিষ্যৎ নিয়ে আমি দারুণ আশাবাদী। দাবায় প্রতিভার কোনো অভাব নেই আমাদের।' ভারতীয় দাবা নিয়ে মন্তব্যের পাশাপাশি অলিম্পিকে দাবা অন্তর্ভুক্ত করা নিয়েও আজ মুখ খুলেছেন তিনি। কিংবদন্তি ভারতীয় গ্র্যান্ডমাস্টার অলিম্পিকে দাবার জন্য সোচার হয়ে বলেছেন, 'আন্তর্জাতিক আর্জিমা এখন দাবার নানা ভাগ রয়েছে। তার মধ্যে ব্লিঞ্জ ও রাপিড দাবাকে অলিম্পিকে অন্তর্ভুক্ত করা যেতে পারে। ক্লাসিক্যাল দাবার চেয়ে এই দুই ফর্মেট অলিম্পিকের জন্য অনেক বেশি গ্রহণযোগ্য হবে বলেই আমার বিশ্বাস। চেজ ইন্ডিয়া ২০১৮ প্রতিযোগিতায় আনন্দ ছাড়াও হিকার নাকামুরা, লেভন আয়োনিয়ান, ওয়েলেভ সো, সের্গেই কার্জিনিকের মতো বিখ্যাত গ্র্যান্ডমাস্টাররা অংশ নিচ্ছেন। বাংলা তথা ভারতের প্রতিনিধি হিসেবে থাকছেন সুরেশ্বর গঙ্গোপাধ্যায়, পি হরিকৃষ্ণাও। প্রতিযোগিতা আগামীর সম্ভাবনা হিসেবে তুলে ধরা হচ্ছে প্রজ্ঞানানন্দ রমেশবারু ও নিজস্ব সারিনকে। আগামীর পি পিন ধরে কলকাতার অফিসিসিআর হলে এই প্রতিযোগিতা চলবে। কাল প্রথম ম্যাচে আনন্দ মার্কিন যুক্তরাষ্ট্রের ওয়েসলে সো-র বিরুদ্ধে খেলবেন।

বিশ্বকাপের ভারতীয় হকি দল ঘোষণা

নয়াদিল্লি, ৮ নভেম্বর : দেশের মাটিতে বিশ্বকাপের জন্য কৃষ্ণপতিবার ভারতীয় দল ঘোষণা করল হকি ইন্ডিয়া। চোটের কারণে দল থেকে বাদ পড়লেন এসবি সুনীলা এবং রমনদীপ সিং। বিশ্বকাপে ভারতের অধিনায়কত্ব করছেন মনপ্রীত সিং। খারাপ ফর্মের জন্য দলে নেই তারকা ড্রাগ ফ্লিকার রূপিন্দার পাল সিং। যদিও হকি ইন্ডিয়ার তরফে তিনজনের দল থেকে বাদ পড়ার

হকির শহরে পৌঁছে অনুশীলনে বাগান

ভুবনেশ্বর, ৮ নভেম্বর : এখন গোটা ওড়িশা হকি বিশ্বকাপ নিয়ে সরগরম। ভারতীয় দলে দু-জন ওড়িশা খেলোয়াড়ের অন্তর্ভুক্তি উৎসাহ আরও বাড়িয়েছে। খুব সুবেদনের কুমার ও অমিত কুবিয়াস। মিতফিল্ডার : মনপ্রীত সিং, ডিফেন্ডার : সীলকান্ত শর্মা, হার্ডি সিং ও সুমিতা।

স্ট্রাইকার : আকাশদীপ সিং, মনদীপ সিং, দিলপ্রীত সিং, ললিতকুমার উপাধ্যায় ও সিমরানজিৎ সিং।

ভুবনেশ্বর, ৮ নভেম্বর : এখন গোটা ওড়িশা হকি বিশ্বকাপ নিয়ে সরগরম। ভারতীয় দলে দু-জন ওড়িশা খেলোয়াড়ের অন্তর্ভুক্তি উৎসাহ আরও বাড়িয়েছে। খুব সুবেদনের কুমার ও অমিত কুবিয়াস। মিতফিল্ডার : মনপ্রীত সিং, ডিফেন্ডার : সীলকান্ত শর্মা, হার্ডি সিং ও সুমিতা।

স্ট্রাইকার : আকাশদীপ সিং, মনদীপ সিং, দিলপ্রীত সিং, ললিতকুমার উপাধ্যায় ও সিমরানজিৎ সিং।

অনুষ্ঠান নানা চ্যানেলে



ইন্ডিয়া 'জ ওয়াইল্ড টেলস বিকেল ৫টা'র আনিম্যাল প্রোগ্রামে বরফ ঢাকা এলাকায় দানবাকৃতি মেশিনগুলির কাজ সম্বন্ধে জেনে নিন আলোক মোগো মেশিন অনুষ্ঠানে সন্ধ্যা ৬টা'র ডিসকভারি সার্কেলে

সাইপ্রাস ঘুরে নিন দশ দিনে। দেখুন রাত ১০টা'র ট্রাভেল এগুপিভে

খেলা

স্টার স্পোর্টস ওয়ান/এইচডি : আইসিসি উইম্প ওয়ার্ল্ড কাপ টি২০ : রাত ৮.২০ নিউজিল্যান্ড বনাম ভারত। রাত ১২.২০ অস্ট্রেলিয়া বনাম পাকিস্তান। সোনি সিঙ্গ : পাকিস্তান বনাম নিউজিল্যান্ড, দ্বিতীয় একদিনের আন্তর্জাতিক ম্যাচ আবুধাবি থেকে। সোনি ইএসপিএন : দুপুর ১.০০ অস্ট্রেলিয়া বনাম দক্ষিণ আফ্রিকা, দ্বিতীয় একদিনের আন্তর্জাতিক ম্যাচ অ্যাডিলেড থেকে। সোনি টেন টি : সকাল ১০.০০ শ্রীলঙ্কা বনাম ইংল্যান্ড প্রথম টেস্ট ম্যাচের ৪র্থ দিনের খেলা গল থেকে। সিরি আ : রাত ১.০০ ফ্রিসানান বনাম কিওরেনতিন। স্টার স্পোর্টস টিভি/জলসা মুভিজ/এইচডি : সন্ধ্যা ৭.৩০ ইন্ডিয়ান সুপার লিগ, নর্থইস্ট ইউনাইটেড বনাম মুম্বই সিটি। স্টার স্পোর্টস : ৬ : কাবাডি লিগ, সন্ধ্যা ৭.৫০ ইউ মুখা বনাম জয়পুর পিঙ্ক প্যাঙ্কার্স। রাত ৯.০০ বেঙ্গল ওয়ারিয়ার্স বনাম তেলুগু টাইটানস।

(ম্যাচগুলি দেখুন সরাসরি)

ডিডি বাংলা : সকাল ৭.০০ সকাল সকাল (লাইভ ফোন ইন), দুপুর ২.০০ সংবাদ, ২.৩০ অপরাহ্নিক, বিকেল ৪.০০ বসুন্ধরা (লাইভ ফোন ইন), ৫.৩০ রেশম শিল্প কথা-পর্ব ৫, সন্ধ্যা ৬.০০ আয়ুধান ভারত (লাইভ ফোন ইন), রাত ৮.৩০ ভক্তহরির ধাণা, রাত ৯.০৫ থিয়েটার অন টিভি, ১০.০০ সংবাদ প্রবাহ।

গল্প হলো সত্যি সন্ধ্যা ৭টা



জুডুয়া-২ দেখুন রাত ৮.০০ টায় স্টার গোল্ডে

ডিডি বাংলা : বেলা ১১.০৫ সেইই তো আবার কাছে এলে আকাশ আট : দুপুর ১.৩০ অবুধ মন কালার্স বাংলা : দুপুর ২.০০ হাটটার জলসা মুভিজ : সকাল ৯.০৫ আওয়ারা, দুপুর ১২.২০ টোটাল দাদাগিরি, বিকেল ৩.০০ বল দুধা মাইকি, রাত ৯.৩০ ফাদে পড়িয়া বগা কানে রে জি বাংলা সিনেমা : সকাল ১০.০৫ সোমকেশ ও চিড়িয়াখানা, দুপুর ১২.৪০ বাবা অরকনাথ, বিকেল ৪.০০ হালা ভৌদা, সন্ধ্যা ৭.০০ মস্তান, রাত ১০.০০ বেব আই লভ ইউ মুভিজ ওকে : সকাল ১০.৩০ নায়ক, দুপুর ২.০০ তিস মার খান, বিকেল ৪.৫০ গরভ, সন্ধ্যা ৭.৫৫ বেবুন, রাত ১০.৪০ রফক বিক্রম মুভিজ : দুপুর ১.০০ ইশক, বিকেল ৩.০০ ইয়ে কায়সা অনহেইন টু, সন্ধ্যা ৬.০০ প্রতিকার, রাত ৮.০০ দো লবজোঁ কি কহনি, রাত ১০.০০ অব ইলাক গোপা এইচবিও : বেলা ১১.৫১ জার্সি লিগ, দুপুর ১.৫৮ ট্রয়, বিকেল ৪.৫৮ আয়ার মান টু, রাত ৯.০০ হাট টু টেন ইয়ার ড্রাগন, ১০.৫২ আমেরিকান স্পিয়ার।